# কমিটি বিষয়ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২মার্চ ২০০৫/১৮ ফাল্গুন ১৪১১

নং **মপবি/কঃবিঃশাঃ/মসক-৩/২০০৪/৩২** মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ সেপ্টেম্বর ২০০৪ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-৩/২০০৪/১৮০ নম্বর প্রজ্ঞাপন মূলে নদ-নদী, খাল, প্লাবন-ভূমি ও জলাধার সংরক্ষণ, উন্নয়নে, পুনরুদ্ধার ও ভরাট নিয়ন্ত্রণ আইন, ২০০৪ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্ব সুপারিশ প্রণয়নের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটিতে মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় এবং মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়কে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করেছে।

২। কমিটির কার্যপরিধি নিম্নোক্তরূপে পুনঃনিধারণ করা হলো ঃ

(ক) পুনঃগঠিত কমিটি ১৮ সেপ্টেম্বর ২০০৪ তারিখে গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক মন্ত্রিসভায় উপস্থাপিত নদ-নদী, খাল,প্লাবন-ভূমি ও জলাধার সংরক্ষণ, উন্নয়ন, পুনরুদ্ধার ও ভরাট নিয়ন্ত্রণ আইন, ২০০৫ এর খসড়া মন্ত্রিসভার আলোচনার আলোকে আরও পরীক্ষা-নিরীক্ষা করে দেখবে।

(খ) প্রস্তাবিত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার পর পানি সম্পদ মন্ত্রণালয় খসড়াটি পুনরায় মন্ত্রিসভায় উপস্থাপন করবে।

৩। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

নং **মপবি/কঃবিঃশাঃ/মসকবৈ/জাপু-২/২০০৫/৩৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২৭-৬-২০০৪ তারিখের নং- মপবি/কঃবিঃশাঃ/মসকগ-২(অংশ-১)/২০০১/১২৬ প্রজ্ঞাপন মূলে পুনর্গঠিত 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

(ক) কমিটির সভাপতি জনাব তরিকুল ইসলাম, মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় এর অনুপস্থিতিতে কমিটির সদস্য জনাব আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। জনাব তরিকুল ইসলাম সভায় উপস্থিত থাকলে সভায় তিনিই সভাপতিত্ব করবেন।

(খ) সভাপতির অবর্তমানে কমিটির সদস্য জনাব আবদুল মান্নান ভূঁইয়া,মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সভাপতিত্ব করলে উক্ত সভায় অধ্যাপক মোঃ রেজাউল করিম, প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র সভায় উপস্থিত হবার জন্য আমন্ত্রণ জানানো হবে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

**এ,কে,এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
ফোন ঃ ৭১৬৫৫১০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ মার্চ ২০০৫/১ চৈত্র ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/সক-১/২০০৫/৪৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় বেতন কমিশন-২০০৪ এর প্রতিবেদন পরীক্ষা-নিরক্ষা করিয়া সরকারী ও আধা-সরকারী সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য আনুষঙ্গিক সুবিধাদিসহ একটি বেতন কাঠামো নির্ধারণ এবং তাহার বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে সরকারের নিকট যথোপযুক্ত সুপারিশ পেশ করিবার জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছেন ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ - আহ্বায়ক

২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় - সদস্য

৩। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় - সদস্য

৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় - সদস্য

৫। সচিব, সংস্থাপন মন্ত্রণালয় - সদস্য

২। কমিটি ১(এক) মাসের মধ্যে সরকারের নিকট সুপারিশ পেশ করিবে।

৩। অর্থ বিভাগ এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,কে,এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১(অংশ-১/১)/২০০১-২৫, তারিখ, ২০ জানুয়ারী ২০০৪/১০ কার্তিক ১৪১০

**বিষয় ঃ সংস্থাপন মন্ত্রণালয় থেকে জারীকৃত পরিপত্র সংশোধন প্রসংগে।**

**সূত্র ঃ সংস্থাপন মন্ত্রণালয়ের পরিপত্র নং-সম(এসপি)-৫২/২০০১-১৫(১২০), তারিখ ৮-১-২০০৪।**

সংস্থাপন মন্ত্রণালয়ের ৮-১-২০০৪ তারিখের জারীকৃত পরিপত্রের ২নং অনুচ্ছেদের নির্দেশটি ইতোপূর্বে জারীকৃত পরিপত্র নং-সম(এসপি)-৫২/২০০১-১৬৯(৭০) তারিখ ১৪-৭-২০০২ অনুসারে চিকিৎসক, নার্স, শিক্ষক/প্রশিক্ষক, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, বিশেষায়িত প্রতিষ্ঠানের টেকনিশিয়ান ও কম্পিউটার টেকনিশিয়ান-এ ৬(ছয়) শ্রেণীর লোক নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

এমতাবস্থায়, আপনার জারীকৃত পরিপত্রটির (২) অনুচ্ছেদ নিম্নমতে সংশোধন করে পুনরায় জারী করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ঃ

২। তবে চিকিৎসক, নার্স, শিক্ষক/প্রশিক্ষক, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, বিশেষায়িত প্রতিষ্ঠানের টেকনিশিয়ান ও কম্পিউটার টেকনিশিয়ান-এ ৬(ছয়) শ্রেণী ব্যতীত অন্যান্য শূন্যপদ পূরণের পূর্বে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে সংস্থাপন মন্ত্রণালয় হতে ছাড়পত্র গ্রহণ পূর্বের ন্যায় বহাল থাকবে।

সংযুক্ত ঃ বর্ণনামতে।

**শাহনাজ আরেফিন**
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৭৬১০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৬ মাঘ ১৪১০/২৯ জানুয়ারী ২০০৪

**নং-মপবি/কঃবিঃশাঃ/সক-১/২০০৪/৩০**—বিও ওটি পদ্ধতিতে যাত্রাবাড়ী-গুলিস্থান ফ্লাইওভার প্রকল্প বাস্তবায়নকল্পে বেসরকারী প্রতিষ্ঠান নিযুক্ত করা সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের প্রস্তাবের বিষয়টি বিস্তারিতভাবে পরীক্ষা করে সুপারিশ প্রণয়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করেছে ঃ

**(ক) কমিটি গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | -আহবায়ক |
| (২) | গভর্ণর, বাংলাদেশ ব্যাংক | -সদস্য |
| (৩) | সচিব, যোগাযোগ মন্ত্রণালয় | -সদস্য |
| (৪) | সচিব, অর্থ বিভাগ | -সদস্য |
| (৫) | সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | -সদস্য |
| (৬) | সচিব, আভ্যন্তরীণ সম্পদ বিভাগ | -সদস্য |
| (৭) | সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন | -সদস্য |
| (৮) | সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য |
| (৯) | নির্বাহী পরিচালক, ডিটিসিবি | -সদস্য |
| (১০) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | -সদস্য-সচিব |

**(খ) কমিটির কার্যপরিধিঃ**

আন্তঃমন্ত্রণালয় কমিটি বিষয়টি বিস্তারিতভাবে পরীক্ষা করে সুপারিশ সম্বলিত প্রতিবেদন ১০ ফেব্রুয়ারী ২০০৪ তারিখের মধ্যে সরকারের নিকট পেশ করবে।

২। স্থানীয় সরকার বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,টি,কে,এম, ইসমাইল**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১(অংশ-১/১)২০০১-৪৩** তারিখ, ১৪ ফেব্রুয়ারী ২০০৪/২ ফাল্গুন ১৪১০

**সরকারী আদেশ**

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ২৬শে মার্চের মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠান পালনের ক্ষেত্রে সমন্বয়ক বা coordinating ministry-হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কাজ করবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় একটি আন্তঃমন্ত্রণালয় Steering Committee গঠন করে এ দায়িত্ব সম্পাদন করবে।

**শাহনাজ আরেফিন**
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৭৬১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৫ ফাল্গুন ১৪১০/১৭ ফেব্রুয়ারী ২০০৪

নং **মপবি/কঃবিঃশাঃ/কপগ-৫/৯৫/৪৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২৬ কার্তিক ১৪০২/১১ নভেম্বর ১৯৯৬ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৫/৯৫/৯৯ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত "জাতীয় প্রাথমিক ও গণশিক্ষা পরিষদ" নিম্নরূপে পুনর্গঠন করেছে ঃ

**(ক) পরিষদের গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মাননীয় প্রধানমন্ত্রী | -সভাপতি |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | -সদস্য |
| (৩) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | -সদস্য |
| (৪) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | -সদস্য |
| (৫) | মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | -সদস্য |
| (৬) | মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য |
| (৭) | মন্ত্রী, বিজ্ঞান এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | -সদস্য |
| (৮) | মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | -সদস্য |
| (৯) | মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | -সদস্য |
| (১০) | প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য |
| (১১) | প্রতিমন্ত্রী, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | -সদস্য |
| (১২) | মাননীয় প্রধানমন্ত্রীর প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা | -সদস্য |
| (১৩) | মন্ত্রিপরিষদ সচিব | -সদস্য |
| (১৪) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | -সদস্য |
| (১৫) | জনাব হেলালুজ্জামান তালুকদার লালু, সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় কমিটি | -সদস্য |
| (১৬) | জনাব এম এ মতিন, সংসদ সদস্য ২৬৪, চাঁদপুর-৫ | -সদস্য |
| (১৭) | অধ্যাপক জয়নাল আবেদীন (ভিপি), সংসদ সদস্য, ২৬৭, ফেণী-২ | -সদস্য |
| (১৮) | জনাব জহিরউদ্দিন খান, সংসদ সদস্য, ১২১, বরিশাল-১ | -সদস্য |
| (১৯) | মোসাঃ ইসরাত সুলতানা ইলেন ভুট্টো, সংসদ সদস্য, ১২৮, ঝালকাঠি-২ | -সদস্য |
| (২০) | জনাব এ কে এম ফজলুল হক মিলন, সংসদ সদস্য, ১৯৫, গাজীপুর-৩ | -সদস্য |
| (২১) | জনাব কাজী সিরাজুল ইসলাম, সংসদ সদস্য, ২০৯, ফরিদপুর-১ | -সদস্য |
| (২২) | সচিব, পরিকল্পনা বিভাগ | -সদস্য |
| (২৩) | সচিব, কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো, পরিকল্পনা কমিশন | -সদস্য |
| (২৪) | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | -সদস্য |
| (২৫) | সচিব, অর্থ বিভাগ | -সদস্য |
| (২৬) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | -সদস্য |
| (২৭) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | -সদস্য |
| (২৮) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | -সদস্য |
| (২৯) | সচিব, শিক্ষা মন্ত্রণালয় | -সদস্য |
| (৩০) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | -সদস্য |

| | | |
|---|---|---|
| (৩১) | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য |
| (৩২) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য |
| (৩৩) | সচিব, তথ্য মন্ত্রণালয় | -সদস্য |
| (৩৪) | সচিব, পল্লী উন্নয়ন সমবায় বিভাগ | -সদস্য |
| (৩৫) | অধ্যাপক মোঃ মনিরুজ্জামান মিয়া, চেয়ারম্যান, শিক্ষা সংস্কার কমিশন | -সদস্য |
| (৩৬) | প্রফেসর ডঃ এস, এম, এ ফায়েজ, উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | -সদস্য |
| (৩৭) | প্রফেসর এম, শমশের আলী, ভাইস চ্যান্সেলর, সাউথ ইস্ট ইউনিভার্সিটি | -সদস্য |
| (৩৮) | প্রফেসর ডঃ এম এরশাদুল বারী, উপাচার্য, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় | -সদস্য |
| (৩৯) | অধ্যাপক আবুল কালাম আজাদ, অধ্যাপক, সমাজকল্যাণ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও সভাপতি, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি | -সদস্য |
| (৪০) | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | -সদস্য |
| (৪১) | মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | -সদস্য |

**(খ) পরিষদের কার্যপরিধি ঃ**

(১) প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষা ক্ষেত্রে নীতিমালা প্রণয়নের কাজে পরামর্শ প্রদান।

(২) প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষার লক্ষ্যমাত্রা, উদ্দেশ্য এবং বাস্তবায়ন কৌশল সম্পর্কে দিক নির্দেশা প্রদান।

(গ) পরিষদ বৎসরে দুইবার এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হবে।

(ঘ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, টি, কে, এম ইসমাইল**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৭ ফাল্গুন ১৪১০/১৯ ফেব্রুয়ারী ২০০৪

**নং মপবি/কঃবিঃশাঃ/সক-১০/২০০৩/৪৮**—ভূ-সম্পত্তি জবরদখলের বিষয়ে অভিযোগ গ্রহণ এবং তদন্ত সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে একটি জাতীয় নির্বাহী কমিটি এবং প্রতিটি জেলার জন্য জেলা কমিটি গঠন করেছে ঃ

**জাতীয় নির্বাহী কমিটি**

**(ক) জাতীয় নির্বাহী কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | -সভাপতি |
| (২) | এটর্নী জেনারেল/অতিরিক্ত এটর্নী জেনারেল | -সদস্য |
| (৩) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | -সদস্য |
| (৪) | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | -সদস্য |
| (৫) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | -সদস্য |

| | | |
|---|---|---|
| (৬) | সচিব, তথ্য মন্ত্রণালয় | -সদস্য |
| (৭) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | -সদস্য |
| (৮) | সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য |
| (৯) | ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ | -সদস্য |
| (১০) | সলিসিটর, আইন মন্ত্রণালয় | -সদস্য |
| (১১) | একজন ভূমি আইন বিশেষজ্ঞ | -সদস্য |
| (১২) | সচিব, ভূমি মন্ত্রণালয় | -সদস্য সচিব |

**(খ) জাতীয় নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

(১) ভূ-সম্পত্তি সংক্রান্ত বড় ধরণের নির্বাচিত কেইসসমূহের প্রক্রিয়াধীন বিষয়াবলী এবং অগ্রগতির মনিটরিং ও এতদসংক্রান্ত নির্দেশনা প্রদান;

(২) জেলা কমিটির কাজের অগ্রগতির মূল্যায়ন;

(৩) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান জেলা কমিটির সিদ্ধান্তে সংক্ষুদ্ধ হলে জাতীয় কমিটির নিকট প্রতিকার প্রার্থী ব্যক্তির আবেদন বিবেচনা;

(৪) জেলা কমিটির কাজে কোন অবহেলা, গাফিলতি বা পক্ষপাতিত্বের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট বিষয়ে প্রশাসনিক ও ফৌজদারী ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান।

২। ভূমি মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**জেলা কমিটি**

**(গ) জেলা কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (২) | পুলিশ সুপার | -সদস্য |
| (৩) | বিভাগীয় বন কর্মকর্তা | -সদস্য |
| (৪) | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | -সদস্য |
| (৫) | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | -সদস্য সচিব |

**(ঘ) জেলা কমিটির কার্যপরিধি ঃ**

(১) জেলা পর্যায়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ভূ-সম্পত্তি জবর দখলের ক্ষেত্রে কার্যকর প্রতিকার/প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ;

(২) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ভূ-সম্পত্তি জবরদখলের সাথে সরকারী কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্টতা নিশ্চিত হলে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারী কার্যক্রম গ্রহণের সুপারিশ প্রদান;

(৩) জাতীয় কমিটির নির্দেশক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

৩। জেলা প্রশাসক কার্যালয়ের রাজস্ব শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, টি, কে, এম ইসমাইল**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ ফাল্গুন ১৪১০/২২ ফেব্রুয়ারী ২০০৪

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-১/২০০৪/৫০**—স্থল পরিবহনের সাথে সংযুক্ত বা সম্পূরক নৌ-পরিবহণ এবং বিমান পরিবহন ব্যবস্থাকে অন্তর্ভুক্ত করে সমন্বিত বহুমাত্রি (multimodal) পরিবহন নীতি প্রণয়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | -আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | -সদস্য |
| (৩) | মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | -সদস্য |
| (৪) | মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয় | -সদস্য |
| (৫) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | -সদস্য |
| (৬) | মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | -সদস্য |
| (৭) | প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | -সদস্য |
| (৮) | প্রতিমন্ত্রী, অর্থ এবং পরিকল্পনা মন্ত্রণালয় (পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী) | -সদস্য |

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

পরিবহণের সাথে সংযুক্ত বা সম্পূরক নৌ-পরিবহণ এবং বিমান পরিবহন ব্যবস্থাকে অন্তর্ভূক্ত করে সমন্বিত বহুমাত্রিক (multimodal) পরিবহন নীতি প্রণয়ন করবে।

(১) কমিটি আগামী ৬ (ছয়) মাসের মধ্যে সরকারের নিকট প্রণীত নীতি পেশ করবে।

(২) যোগাযোগ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, টি, কে, এম ইসমাইল**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ বৈশাখ ১৪১১/১৭ এপ্রিল ২০০৪

**নং মপবি/কঃবিঃশাঃ/পরিষদ-১/২০০৪/৮৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন সম্প্রসারণ এবং এর সফল প্রয়োগের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ (NCST) নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে ঃ

**(ক) পরিষদের গঠন ঃ**

**সভাপতি**

(১) মাননীয় প্রধানমন্ত্রী

**সহ-সভাপতি**

(২) মন্ত্রী, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(৩) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়
(৪) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(৫) মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থানা ও ত্রাণ মন্ত্রণালয়
(৬) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়
(৭) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(৮) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
(৯) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়
(১০) প্রতিমন্ত্রী, জ্বালানী ও খনিজ বিভাগ
(১১) প্রতিমন্ত্রী, বিদ্যুৎ বিভাগ
(১২) প্রতিমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়
(১৩-১৮) ৬ বিভাগের ৬ জন সংসদ সদস্য (মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত হবেন)
(১৯) মন্ত্রিপরিষদ সচিব
(২০) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
(২১) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
(২২) সচিব, পরিকল্পনা বিভাগ
(২৩) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
(২৪) সচিব, অর্থ বিভাগ
(২৫) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(২৬) সচিব, শিল্প মন্ত্রণালয়
(২৭) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(২৮) সচিব, কৃষি মন্ত্রণালয়
(২৯) সচিব, শিক্ষা মন্ত্রণালয়
(৩০) সচিব, বিদ্যুৎ বিভাগ
(৩১) উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
(৩২) উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
(৩৩) উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
(৩৪) উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়
(৩৫) উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
(৩৬) উপাচার্য, খুলনা বিশ্ববিদ্যালয়
(৩৭) উপাচার্য, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
(৩৮) উপাচার্য, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি
(৩৯) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
(৪০) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
(৪১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
(৪২) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
(৪৩) চেয়ারম্যান, বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিল
(৪৪) চেয়ারম্যান, বাংলাদেশ একাডেমী অব সায়েন্সেস্
(৪৫-৪৯) ৫ জন প্রখ্যাত বিজ্ঞানী (মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত হবেন)
(৫০) যুগ্ম-সচিব (প্রশাসন), বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৫১) সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

(খ) **পরিষদের কার্যপরিধি ঃ**

(১) বিজ্ঞান এবং প্রযুক্তি বিষয়ে জাতীয় নীতি ও পরিকল্পনা প্রণয়নের দিক নির্দেশনা এবং পরিকল্পনা বাস্তবায়নে সমন্বয় সাধন;

(২) দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক গবেষণা ও উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রাধিকার নির্ধারণ এবং তজ্জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ;

(৩) বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের মান, কার্যকারিতা মূল্যায়ন ও সমন্বয় সাধন এবং গবেষণালব্ধ ফলাফলের ব্যবহারিক প্রয়োগের স্বার্থকতা নিরুপনের ব্যবস্থা গ্রহণ; এবং

(৪) বিজ্ঞান এবং প্রযুক্তির উন্নয়ন সংক্রান্ত অন্যান্য প্রাসংগিক বিষয়াবলী।

(২) এ জাতীয় পরিষদ প্রতি ৬ মাসে একবার এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হবে।

(৩) বিজ্ঞান এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(৪) মন্ত্রিপরিষদ বিভাগের ৩ মে ১৯৯৭ মপবি/শাঃপঃ/কপগ-৯/৯৭/১১৭ নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

(৫) এ পরিষদ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, টি, কে, এম ইসমাইল**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ বৈশাখ ১৪১১/১৭ এপ্রিল ২০০৪

**নংমপবি/কঃবিঃশাঃ/পরিষদ-১/২০০৪/৮৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন সম্প্রসারণ এবং এর সফল প্রয়োগের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের নির্বাহী কমিটি (ECNCST) নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে ঃ

(ক) **নির্বাহী কমিটির গঠন ঃ**

**সভাপতি**

(১) মন্ত্রী, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন
(৩) সচিব, অর্থ বিভাগ
(৪) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(৫) সচিব, শিল্প মন্ত্রণালয়
(৬) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(৭) সচিব, কৃষি মন্ত্রণালয়
(৮) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
(৯) সচিব, শিক্ষা মন্ত্রণালয়
(১০) সচিব, বিদ্যুৎ বিভাগ
(১১) সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়
(১২) উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
(১৩) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
(১৪) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
(১৫) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
(১৬) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(১৭) পরিচালক, ইনস্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

(১৮-২৩) ৬ জন প্রখ্যাত বিজ্ঞানী (মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত হবেন)

(২৪) প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ

(২৫) প্রেসিডেন্টম বাংলাদেশ কম্পিউটার সোসাইটি

(২৬) প্রেসিডেন্ট, বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস

(২৭) প্রেসিডেন্ট, আইএসপি এসোসিয়েশন অব বাংলাদেশ

(২৮) প্রেসিডেন্ট, বাংলাদেশ কম্পিউটার সমিতি

(২৯) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইলেকট্রনিক্স সোসাইটি

**সদস্য-সচিব**

(৩০) সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

**(খ) নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

১। নির্বাহী কমিটি জাতীয় বিজ্ঞান এবং প্রযুক্তি পরিষদকে নিম্নলিখিত বিষয়ে পরামর্শ ও সহায়তা প্রদান করবে ঃ

(১) দেশের আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন সেক্টরের লক্ষ্য বাস্তবায়নে সহায়ক একটি Revised বিজ্ঞান ও প্রযুক্তি নীতিমালা প্রণয়ন;

(২) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এর কার্যক্রমের সমন্বয় সাধন;

(৩) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন; এবং

(৫) ক্রমিক ১-৪ এ বর্ণিত বিষয়সমূহের একটি সার্বিক প্রতিবেদন জাতীয় বিজ্ঞান এবং প্রযুক্তি পরিষদে পেশ করা।

২। এ নির্বাহী কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। এ নির্বাহী কমিটি ন্যূনপক্ষে বৎসরে দু'বার বৈঠকে মিলিত হবে।

৪। বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। মন্ত্রিপরিষদ বিভাগের ৩ মে ১৯৯৭ মপবি/শাঃপঃ/কপগ-৯/৯৭/১১৮ নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

৬। এ নির্বাহী কমিটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,টি,কে, এম ইসমাইল**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

**[ একই নম্বর ও তারিখের প্রজ্ঞাপনে প্রতিস্থাপিত হবে ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ বৈশাখ ১৪১১/১৭ এপ্রিল ২০০৪

**নং মপবি/কঃবিঃশাঃ/পরিষদ-১/২০০৪/৮৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন সম্প্রসারণ এবং এর সফল প্রয়োগের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের নির্বাহী কমিটি (ECNCST) নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে ঃ

(ক) নির্বাহী কমিটির গঠন ঃ

**সভাপতি**

(১) মন্ত্রী, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন
(৩) সচিব, অর্থ বিভাগ
(৪) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(৫) সচিব, শিল্প মন্ত্রণালয়
(৬) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(৭) সচিব, কৃষি মন্ত্রণালয়
(৮) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
(৯) সচিব, শিক্ষা মন্ত্রণালয়
(১০) সচিব, বিদ্যুৎ বিভাগ
(১১) সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়
(১২) উপচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
(১৩) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
(১৪) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
(১৫) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
(১৬) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
(১৭) পরিচালক, ইনস্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
(১৮-২৩) ৬ জন প্রখ্যাত বিজ্ঞানী (মাননীয় মন্ত্রী কর্তৃক মনোনীত হবেন)
(২৪) প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ
(২৫) প্রেসিডেন্ট, বাংলাদশ কম্পিউটার সোসাইটি
(২৬) প্রেসিডেন্ট, বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস
(২৭ প্রেসিডেন্ট, আইএসপি এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ
(২৮) প্রেসিডেন্ট, বাংলাদেশ কম্পিউটার সমিতি
(২৯) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইলেকট্রনিক্স সোসাইটি

**সদস্য-সচিব**

(৩০) সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

**(খ) নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

১। নির্বাহী কমিটি জাতীয় বিজ্ঞান এবং প্রযুক্তি পরিষদকে নিম্নলিখিত বিষয়ে পরামর্শ ও সহায়তা প্রদান করবে ঃ

(১) দেশের আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন সেক্টরের লক্ষ্য বাস্তবায়নে সহায়ক একটি Revised বিজ্ঞান ও প্রযুক্তি নীতিমালা প্রণয়ন;

(২) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এর কার্যক্রমের সমন্বয় সাধন;

(৩) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন; এবং

(৫) ক্রমিক ১-৪ এ বর্ণিত বিষয়সমূহের একটি সার্বিক প্রতিবেদন জাতীয় বিজ্ঞান এবং প্রযুক্তি পরিষদ পেশ করা।

২। এ নির্বাহী কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। এ নির্বাহী কমিটি ন্যূনপক্ষে বৎসরে দু'বার বৈঠকে মিলিত হবে।

৪। বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। মন্ত্রিপরিষদ বিভাগের ৩ মে ১৯৯৭ মপবি/শাঃ পঃ/কঃশ্-৯/৯৭/১১৮ নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

৬। এ নির্বাহী কমিটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,টি, কে,এম ইসমাইল**
যুগ্মসচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ জ্যৈষ্ঠ ১৪১১/২৪ মে ২০০৪

নং মপবি/কঃ বিঃশাঃ/মসক-২/২০০৪/১০৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পর্যটন সংক্রান্ত একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) মন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৮) প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৯) প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য |
| (১০) প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | .. | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) সচিব, পরিকল্পনা বিভাগ

(২) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৩) সচিব, অর্থ বিভাগ

(৪) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(৫) সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়

(৬) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

(৭) সচিব, যোগাযোগ মন্ত্রণালয়

(৮) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

পর্যটন খাতের বিকাশ, সামগ্রিক উন্নয়ন এবং এ খাতে বিদ্যমান সমস্যাদি দূরীকরণকল্পে সরকারকে পরামর্শ প্রদান।

২। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, টি, কে, এম ইসমাইল**

যুগ্ম-সচিব

কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

নং মপবি/কঃ বিঃশাঃ/কপগ-১১ (অংশ-১/১)/২০০১-১০৬, তারিখ, ২৫ মে ২০০৪/১১ জ্যৈষ্ঠ ১৪১১

বিষয় ঃ **'কাজ নাই মজুরী নাই' ভিত্তিতে নিয়োজিত জনবলের সুবিধাবলী সংক্রান্ত নীতিমালা প্রসংগে।**

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, 'কাজ নাই মজুরী নাই' সার্কুলার (অর্থ বিভাগ হতে ১৪ জুলাই ২০০৩ তারিখে জারীকৃত) এর কার্যকারিতা স্থগিত থাকবে। যে সব পদ 'কাজ নাই মজুরী নাই' ভিত্তিতে সৃষ্টি করা হয়েছে 'প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি' সে সব পদ ও পদসমূহের নিয়োজিত ব্যক্তিগণের আবশ্যকতা যাচাই করে দেখবে। কেবলমাত্র অত্যাবশকীয় পদগুলো স্থায়ীভাবে সৃষ্টি করা যেতে পারে। অবশিষ্ট পদগুলো বিলুপ্ত হয়ে যাবে। স্থায়ীভাবে সৃষ্টি করার জন্য চিহ্নিত পদগুলোর বিপরীতে বর্তমানে 'কাজ নাই মজুরী নাই' ভিত্তিতে নিয়োজিত ব্যক্তিবৃন্দকে যথানিয়মে নিয়মিত করার ব্যবস্থা করা যেতে পারে। বিলুপ্তির জন্য চিহ্নিত/নির্দিষ্টকৃত পদে নিয়োজিত ব্যক্তিবৃন্দকে চুক্তির মেয়াদ শেষে অব্যাহতি দেয়া যেতে পারে।

২। উপযুর্ক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

**শাহনাজ আরেফিন**
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৭৬১০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৪ জুন ২০০৪/১০ আষাঢ় ১৪১১

**নং মপবি/কঃ বিঃশাঃ/মসকগ-২(অংশ-১)/২০০১/১২২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৭-১০-২০০১ তারিখের নং মপবি/শাঃপঃ/মসকগ-২(অংশ-১)/২০০১/১৭৯ এবং ৬-৫-২০০২ তারিখের নং-মপবি/শাঃপঃ/মসকগ-২ (অংশ-১)/২০০১/১০১ প্রজ্ঞাপন মূলে গঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি নিম্নরূপভাবে সংশোধনপূর্বক পুনগঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য (পদ পূরণ সাপেক্ষে) |
| (৩) মন্ত্রী, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) মন্ত্রী, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬ প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মেয়র, ঢাকা সিটি কর্পোরেশন

(২) মন্ত্রিপরিষদ সচিব

(৩) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৫) সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৬) মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ,ঢাকা।

(গ) কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে যা নিম্নরূপ ঃ

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ও মূল্যায়ন।

(২) যেই কারণে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটিতে পারে সেই কারণগুলি পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণপূর্বক ভবিষ্যতে এইগুলি দূরীকরণকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

(৩) হরতাল, ধর্মঘট ইত্যাদিসহ জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী ঘটনাবলী এবং এইগুলির ফলে জনজীবনের যে দুর্ভোগ ও অচল অবস্থার সৃষ্টি হয় তাহা পরিহারের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট এজেন্সিগুলির করণীয় ও গ্রহণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান।

(৪) উপরিউক্ত বিষয় সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান।

(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, টি, কে, এম ইসমাইল**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬ জুন ২০০৪/১২ আষাঢ় ১৪১১

**নং মপবি/কঃ বিঃশাঃ/সক-১০/২০০৩/১২১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৯ ফেব্রুয়ারী, ২০০৪ তারিখের মপবি/কঃবিঃশাঃ/সক-১০/২০০৩/৪৮ নম্বর প্রজ্ঞাপনমূলে ভূ-সম্পত্তি জবরদখলের বিষয়ে অভিযোগ গ্রহণ এবং তদন্ত সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার জন্য গঠিত “জাতীয় নির্বাহী কমিটি”তে ভূমি আইন বিশেষজ্ঞ হিসেবে প্রাক্তন বিচারপতি জনাব আসাদুজ্জামান, বাড়ী নং-৪২৫, রোড নং ৩, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, শ্যামলী, ঢাকা-কে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করেছে।

২। কমিটি অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, টি, কে, এম ইসমাইল**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬ জুন ২০০৪/১২ আষাঢ় ১৪১১

নং মপবি/কঃ বিঃশাঃ/কপগ-৩/২০০২/১২৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৯ ফেব্রুয়ারী, ২০০২ তারিখের নং মপবি/শাঃপঃ/কপগ-৩/২০০২/৪১-প্রজ্ঞাপন মূলে গঠিত "ন্যায়পাল আইন, ১৯৮০"-এর সংশোধনকল্পে আনীত বিলটি সম্পর্কে সংবিধান এবং আমাদের প্রতিবেশী দেশসমূহসহ পৃথিবীর অন্যান্য দেশের ন্যায়পাল সংক্রান্ত আইনের আলোকে প্রস্তাবিত খসড়া বিলটি আরও বিস্তারিতভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদানের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটিটি সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব আবদুল মান্নান ভূইয়া, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | .. | আহ্বায়ক |
| (২) | ডঃ খন্দকার মোশাররফ হোসেন, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৩) | ব্যারিস্টার মওদুদ আহমদ, মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৪) | ব্যারিস্টার নাজমুল হুদা, মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৫) | জনাব এম, শামসুল ইসলাম, মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৬) | জনাব এম, কে, আনোয়ার, মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৭) | জনাব আলী আহসান মোহাম্মদ মুজাহিদ, মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়। | .. | সদস্য |

(খ) কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে যা নিম্নরূপ ঃ

২। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, টি, কে, এম ইসমাইল**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬ জুন ২০০৪/১২ আষাঢ় ১৪১১

**নং মপবি/কঃ বিঃশাঃ/কপগ-২২/২০০২/১২৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২৪-১১-২০০২ তারিখের নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-২২/২০০২-২৭৩ এবং ২২-১২-২০০২ তারিখের নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-২২/২০০২-২৯০ প্রজ্ঞাপন মূলে গঠিত পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে উন্নয়ন কর্মে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের নিরাপত্তার ঝুঁকির বিষয়টি নিরূপণের উদ্দেশ্যে বাংলাদেশ সরকার ও দাতা সংস্থা/দেশসমূহের প্রতিনিধি সমন্বয়ে গঠিত 'যৌথ নিরাপত্তা ঝুঁকি জরীপ মিশন'-এর রিপোর্ট পরীক্ষার জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, পরিকল্পনা বিভাগ

(৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৫) সচিব, অর্থ বিভাগ

(৬) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৭) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৮) সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

(৯) সচিব আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(গ) **কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে যা নিম্নরূপ ঃ**

**কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি 'যৌথ নিরাপত্তা ঝুঁকি জরীপ মিশন'-এর রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষান্তে তাঁদের মতামতসহ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করিবে।

২। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, টি, কে, এম ইসমাইল**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ জুন ২০০৪/১৩ আষাঢ় ১৪১১

নং মপবি/কঃবিঃশাঃ/মসকগ-২ (অংশ-১)/২০০১/১২৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ৯-১১-২০০২ তারিখের নং মপবি/শাঃপঃ/মসকগ-২ (অংশ-১)/২০০১/২৫৮ প্রজ্ঞাপন মূলে পুনর্গঠিত 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিটি' নিম্নভাবে সংশোধনপূর্বক পুনর্গঠন করেছে ঃ

(ক) কমিটির গঠন ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) | প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

(২) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৩) সচিব, অর্থ বিভাগ

(৪) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

(৫) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৬) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৭) সচিব, তথ্য মন্ত্রণালয়

(গ) কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে যা নিম্নরূপ ঃ

কমিটির কার্যপরিধি ঃ

(১) জাতীয় পুরস্কার প্রদানের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পরীক্ষা করা;

(২) বিভিন্ন জাতীয় পুরস্কারের ক্রমমূল্যায়ন এবং প্রয়োজনবোধে পরিবর্তনের জন্য সুপারিশ প্রদান;

(৩) নূতন ধরণের কোন জাতীয় পুরস্কার প্রবর্তনের প্রস্তাব পরীক্ষা করা;

(ঘ) কমিটির বৈঠক প্রতিমাসে একবার এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করিবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, টি, কে, এম ইসমাইল
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ জুন ২০০৪/১৩ আষাঢ় ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-৯/২০০২/১২৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ৯-৭-২০০২ তারিখের নং মপবি/শাঃপঃ/কপগ-৯/২০০২/১৪৩ এবং ২২-৬-২০০৩ ইং তারিখের নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-৯/২০০২/১৬৯ প্রজ্ঞাপন মূলে গঠিত চট্টগ্রামের কালুরঘাটস্থ শহীদ জিয়া স্মৃতি কমপ্লেক্স নির্মাণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিটি নিম্নরূপভাবে সংশোধনপূর্বক পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | অধ্যাপক, রেজাউল করিম,<br>প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | .. | আহ্বায়ক |
| (২) | জনাব তরিকুল ইসলাম,<br>মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৩) | লেঃ কর্ণেল আকবর হোসেন (অবঃ),<br>মন্ত্রী, নৌ-পরিবহণ মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৪) | জনাব মির্জা আব্বাস,<br>মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৫) | জনাব এম মোরশেদ খান,<br>মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৬) | মীর মোহাম্মদ নাসির উদ্দীন,<br>প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়। | .. | সদস্য |
| (৭) | জনাব জিয়াউল হক জিয়া,<br>প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | .. | সদস্য |

(খ) **কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে যা নিম্নরূপ ঃ**

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) প্রস্তাবিত শহীদ জিয়া স্মৃতি কমপ্লেক্স নির্মাণের জন্য প্রয়োজনীয় পর্যাপ্ত জায়গার অনুসন্ধান এবং সে প্রেক্ষিতে মহা-পরিচালক, বাংলাদেশ বেতারের কারিগরী প্রতিবেদন পর্যালোচনাপূর্বক উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ;

(২) কমপ্লেক্স এলাকা কি কি উপাদানের সমন্বয়ে নির্মিত হবে, সে বিষয়ে দিক-নির্দেশনামূলক পরামর্শ প্রদান;

(৩) প্রাসংগিক বিষয়ে অভিমত প্রদান।

২। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,টি, কে, এম ইসমাইল**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ জুন ২০০৪/১৩ আষাঢ় ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-২/২০০৩/১২৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২২-১-২০০৩ তারিখের নং মপবি/কঃবিঃশাঃ/মসক-২/২০০৩/২২ প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ নৃতাত্ত্বিক জাতিগোষ্ঠীর (পার্বত্য ৩টি জেলা ব্যতীত) সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহের জন্য সমন্বিত আইন প্রণয়নের প্রস্তাব পরীক্ষা করে সুপারিশ প্রদানের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি নিম্নরূপভাবে সংশোধনপূর্বক পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) প্রতিমন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয়। | .. | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) সচিব, সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়

(২) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৩) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৪) সচিব, তথ্য মন্ত্রণালয়

(৫) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(গ) **কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে যা নিম্নরূপ ঃ**

**কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি বাংলাদেশ নৃতাত্ত্বিক জাতিগোষ্ঠীর (পার্বত্য ৩টি জেলা ব্যতীত) সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহের জন্য প্রণীত সমন্বিত আইনের খসড়াটি পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদান করবে।

২। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,টি, কে, এম ইসমাইল**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ জুন ২০০৪/১৩ আষাঢ় ১৪১১

নং মপবি/কঃবিঃশাঃ/মসকগ-২(অংশ-১)/২০০১/১২৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৯-৯-২০০২ তারিখের নং মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১/২১৩ এবং ২২-৬-২০০৩ তারিখের নং মপবি/কঃবিঃশাঃ/মসকগ-২/(অংশ-১)/২০০১/১৬৮ প্রজ্ঞাপনমূলে গঠিত 'সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিটি নিম্নরূপভাবে সংশোধনপূর্বক পুনর্গঠন করেছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) | মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৮) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৯) | মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (১০) | প্রতিমন্ত্রী, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | .. | সদস্য |
| (১১) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | .. | সদস্য |

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থ বিভাগ

(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৬) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য

(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

**(গ) কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে যা নিম্নরূপ ঃ**

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল মন্ত্রণালয়/বিভাগ/অধঃস্তন দপ্তর/ আধা-সরকারী সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে পঁচিশ কোটি টাকার ঊর্ধ্বে ক্রয় এবং চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(২) পরামর্শক সার্ভিস (কনসালট্যান্সি সার্ভিসেস) সংক্রান্ত পাঁচ কোটি টাকার উর্ধ্বের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(৩) উপরের (১) ও (২) উপ-অনুচ্ছেদে উল্লেখিত অংকের টাকার (অর্থাৎ যথাক্রমে ২৫ কোটি ও ৫ কোটি টাকার উর্ধ্বের) পুনঃ দরপত্র আহ্বানের পুনর্বিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;

(৪) সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহ্বান পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ।

(ঘ) কমিটির বৈঠক প্রতিমাসে একবার এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,টি, কে, এম ইসমাইল**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ জুন ২০০৪/১৫ আষাঢ় ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৭/২০০৩/১৩৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২৪-৬-২০০৩ তারিখের নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৭/২০০৩/১৭৫ প্রজ্ঞাপন মূলে গঠিত 'খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফ,পি,এম,সি) নিম্নরূপভাবে সংশোধনপূর্বক পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | .. | সভাপতি |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | উপমন্ত্রী, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | মন্ত্রিপরিষদ সচিব | .. | সদস্য |
| (৭) | সচিব, পরিকল্পনা বিভাগ | .. | সদস্য |
| (৮) | সচিব, অর্থ বিভাগ | .. | সদস্য |
| (৯) | সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | .. | সদস্য |
| (১০) | সচিব, কৃষি মন্ত্রণালয় | .. | সদস্য |
| (১১) | সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | .. | সদস্য |
| (১২) | মহা-পরিচালক, এফপিএমইউ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | .. | সদস্য-সচিব |

(খ) **কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে যা নিম্নরূপ ঃ**

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) কমিটি সার্বিক খাদ্য পরিস্থিতির উপর নিয়মিত নজর রাখিবে।

(২) কমিটি খাদ্যশস্যের উৎপাদনের পরিসংখ্যান, খাদ্যশস্যের চাহিদা নিরূপণ, খাদ্যশস্যের মওজুদ, সামগ্রিক খাদ্য ব্যবস্থাপনা খাদ্য নিরপত্তা এবং খাদ্য সম্পর্কীয় অন্যান্য বিষয় পর্যালোচনা করিয়া সঠিক সিদ্ধান্ত গ্রহণে সরকারকে পরামর্শ দিবে।

২। খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফ,পি,এম,ইউ) কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,টি, কে, এম ইসমাইল**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ জুন ২০০৪/১৫ আষাঢ় ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/পরিষদ-১/২০০৪/১৩৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৭-৪-২০০৪ তারিখের নং মপবি/কঃবিঃশাঃ/পরিষদ-১/২০০৪/৮৬ প্রজ্ঞাপন মূলে গঠিত বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন সম্প্রসারণ এবং এর সকল প্রয়োগের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ (NCST) নিম্নরূপভাবে সংশোধনপূর্বক পুনর্গঠন করেছে ঃ

**সভাপতি ঃ** মাননীয় প্রধানমন্ত্রী

**সহ-সভাপতি ঃ** মন্ত্রী, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ ঃ**

(৩) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৫) মন্ত্রী, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়

(৬) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়

(৭) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(৮) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

(৯) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়

(১০) প্রতিমন্ত্রী, জ্বালানী ও খনিজ বিভাগ

(১১) প্রতিমন্ত্রী, বিদ্যুৎ বিভাগ

(১২) প্রতিমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

(১৩) মন্ত্রিপরিষদ সচিব

(১৪) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(১৫-২০) ৬ বিভাগের ৬ জন সংসদ সদস্য (মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত হবেন)

(২১) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

(২২) সচিব, পরিকল্পনা বিভাগ

(২৩) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(২৪) সচিব, অর্থ বিভাগ

(২৫) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(২৬) সচিব, শিল্প মন্ত্রণালয়

(২৭) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(২৮) সচিব, কৃষি মন্ত্রণালয়

(২৯) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৩০) সচিব, বিদ্যুৎ বিভাগ

(৩১) উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়

(৩২) উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

(৩৩) উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(৩৪) উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়

(৩৫) উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

(৩৬) উপাচার্য, খুলনা বিশ্ববিদ্যালয়

(৩৭) উপাচার্য, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(৩৮) উপাচার্য, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি

(৩৯) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ

(৪০) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

(৪১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

(৪২) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(৪৩) চেয়ারম্যান, বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিল

(৪৪) চেয়ারম্যান, বাংলাদেশ একাডেমী অব সায়েন্সেস

(৪৫-৪৯) ৫ জন প্রখ্যাত বিজ্ঞানী (মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত হবেন)

(৫০) যুগ্ম-সচিব (প্রশাসন), বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৫১) সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

২। পরিষদের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে যা নিম্নরূপ ঃ

**পরিষদের কার্যপরিধি ঃ**

(১) বিজ্ঞান এবং প্রযুক্তি বিষয়ে জাতীয় নীতি ও পরিকল্পনা প্রণয়নে দিক-নির্দেশনা এবং পরিকল্পনা বাস্তবায়নে সমন্বয় সাধন;

(২) দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক গবেষণা ও উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রাধিকার নির্ধারণ এবং তজ্জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ;

(৩) বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের মান, কার্যকারিতা মূল্যায়ন ও সমন্বয় সাধন এবং গবেষণালব্ধ ফলাফলের ব্যবহারিক প্রয়োগের সার্থকতা নিরূপণের ব্যবস্থা গ্রহণ;

(৪) বিজ্ঞান এবং প্রযুক্তি উন্নয়ন সংক্রান্ত অন্যান্য প্রাসংগিক বিষয়াবলী।

৩। এ জাতীয় পরিষদ প্রতি ৬ মাসে একবার এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হবে।

৪। বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ,টি, কে, এম ইসমাইল

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩০ জুন ২০০৪/১৬ আষাঢ় ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/বিক-১/২০০৩/১৪০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ৪-৬-২০০৩ তারিখের নং মপবি/কঃবিঃশাঃ/বিক-১/২০০৩/১৫৪ প্রজ্ঞাপন মূলে সুন্দরী গাছের আগা-মরার প্রকৃত কারণ অনুসন্ধানসহ তা অপসারণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত বিশেষজ্ঞ কমিটিটি নিম্নরূপভাবে সংশোধনপূর্বক পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব তরিকুল ইসলাম, মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | জনাব জাফরুল ইসলাম চৌধুরী, প্রতিমন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | শেখ তৈয়বুর রহমান, মেয়র, খুলনা সিটি কর্পোরেশন | .. | সদস্য |
| (৪) | শাহ মোঃ রুহুল কুদ্দুছ, সংসদ সদস্য, খুলনা-৬ | .. | সদস্য |
| (৫) | জনাব এ, এম, রিয়াছাত আলী, সংসদ সদস্য, সাতক্ষীরা-৩ | .. | সদস্য |
| (৬) | জনাব গাজী নজরুল ইসলাম, সংসদ সদস্য, সাতক্ষীরা-৫ | .. | সদস্য |
| (৭) | জনাব এম, এ, এইচ সেলিম, সংসদ সদস্য,বাগেরহাট-২ | .. | সদস্য |
| (৮) | জনাব মুফতি মাওলানা আব্দুস সাত্তার আকন, সংসদ সদস্য, বাগেরহাট-৪ | .. | সদস্য |
| (৯) | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | .. | সদস্য |
| (১০) | বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা | .. | সদস্য |
| (১১) | চেয়ারম্যান, উদ্ভিদ বিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | .. | সদস্য |
| (১২) | চেয়ারম্যান, উদ্ভিদ বিদ্যা বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, ঢাকা | .. | সদস্য |
| (১৩) | চেয়ারম্যান, ফরেস্ট্রি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | .. | সদস্য |
| (১৪) | প্রফেসর ডঃ আব্দুর রহমান, উড টেকনোলজি ও ফরেস্ট্রি ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা | .. | সদস্য |
| (১৫) | ডঃ আইনুন নিশাত, IUCN (International Union for Conservation of Nature),বাংলাদেশ | .. | সদস্য |
| (১৬) | পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম | .. | সদস্য |
| (১৭) | জনাব আবদুল্লাহ আবু সাইদ, বিশ্ব সাহিত্য কেন্দ্র, ঢাকা | .. | সদস্য |
| (১৮) | বন সংরক্ষক, খুলনা অঞ্চল, খুলনা | .. | সদস্য |
| (১৯) | সভাপতি, খুলনা প্রেসক্লাব, স্যার ইকবাল রোড, খুলনা | .. | সদস্য |
| (২০) | যুগ্ম-সচিব (প্রশাসন),পরিবেশ ও বন মন্ত্রণালয় | .. | সদস্য-সচিব |

**(খ) কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাবে যা নিম্নরূপ ঃ**

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) কমিটি সুন্দরী গাছের আগা-মরার প্রকৃত কারণ অনুসন্ধানসহ তা কোন্ প্রক্রিয়ায় অপসারণ করা যায় সে সম্পর্কে সুপারিশ প্রদান করবে।

(২) অন্যান্য প্রাসংগিক বিষয়াদি।

২। পরিবেশ ও বন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,টি, কে, এম ইসমাইল**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩০ জুন ২০০৪/১৬ আষাঢ় ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-১৪/২০০৩/১৩৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ৯-১১-২০০৩ তারিখের নং মপবি/কঃবিঃশাঃ/মসক-১৪/২০০৩/২৮৭ প্রজ্ঞাপন মূলে বরিশাল উন্নয়ন কর্তৃপক্ষ আইন,২০০৩ এবং সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৩ প্রণয়নের প্রয়োজনীয়তা আরও বিশদভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সরকারের নিকট সুপারিশ প্রদানের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি নিম্নরূপভাবে সংশোধনপূর্বক পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সভাপতি |
| (২) | মন্ত্রী,আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | .. | সদস্য |

(খ) কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থালবে যা নিম্নরূপ ঃ

কমিটি চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ এবং রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের কার্যক্রম পর্যালোচনা করে বর্তমান পর্যায়ে এ তিনটি কর্তৃপক্ষের প্রয়োজনীয়তা আছে কি না সে সম্পর্কেও অভিমত প্রদান করবে।

২। স্থানীয় সরকার বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, টি, কে, এম ইসমাইল**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৫ জুলাই ২০০৪/১০ শ্রাবণ ১৪১১

**নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-৪/২০০৪/১৫৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে ঃ

**কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক** ঃ বেগম খালেদা জিয়া, প্রধানমন্ত্রী।

**সদস্যবৃন্দ ঃ**

(১) জনাব মোঃ সাইফুর রহমান, মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়

(২) জনাব আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৩) ডঃ খন্দকার মোশাররফ হোসেন, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৪) ব্যারিস্টার মওদুদ আহমদ, মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৫) জনাব মতিউর রহমান নিজামী, মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

(৬) ব্যারিস্টার নাজমূল হুদা, মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয়

(৭) চৌধুরী কামাল ইবনে ইউসুফ, মন্ত্রী, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়

(৮) ব্যারিস্টার মোঃ আমিনুল হক, মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

(৯) জনাব মোঃ লুৎফুজ্জামান বাবর, প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(১০) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

(১১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(১২) সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(১৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(১৪) সচিব, অর্থ বিভাগ

(১৫) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(১৬) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড

(১৭) সচিব, স্থানীয় সরকার বিভাগ

(১৮) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(১৯) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

(২০) সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(২১) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

২। উপর্যুক্ত পুনর্গঠন ব্যতীত কমিটির কাঠামো ও কর্মপরিধির যাবতীয় বিষয়াদি ২০ নভেম্বর ২০০১ ও ২৭ নভেম্বর ২০০২ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপনে বর্ণিত মতে বহাল থাকবে, যা নিম্নরূপ ঃ

**কমিটির কর্মপরিধি ঃ**

সরকার কর্তৃক অনুমোদিত প্রশাসনিক পুনর্গঠন/পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় কমিটির সুপারিশসমূহ বাস্তবায়ন করা। এ বাস্তবায়ন প্রক্রিয়ায় অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করা ঃ

(১) নতুন বিভাগ, জেলা, উপজেলা, থানা ও তদন্ত কেন্দ্র গঠন/স্থাপনের প্রস্তাব বিবেচনা করা এবং উক্ত স্তরসমূহের ন্যূনতম বিভিন্ন শ্রেণীর লোকবল (কর্মকর্তা ও কর্মচারী) এবং প্রয়োজনীয় অন্যান্য ভৌত সুবিধাদি নিরূপন;

(২) যে সকল মন্ত্রণালয়/বিভাগের কর্মতৎপরতা জেলা এবং থানা পর্যায় পর্যন্ত বিস্তৃত, প্রশাসনিক বিকেন্দ্রীকরণ সংক্রান্ত সরকারী নীতিমালা বাস্তবায়নে সেই সকল মন্ত্রণালয়/বিভাগকে দিক নির্দেশনা প্রদান;

(৩) বিভাগ, জেলা, উপজেলা ও থানা পর্যায়ে জরুরী প্রয়োজনে ভৌত অবকাঠামো নির্মাণ/সংরক্ষণে বরাদ্দ প্রদানের বিষয় নির্দেশ প্রদান;

(৪) সীমানা পুনর্নির্ধারণ সংক্রান্ত কমিশনের সুপারিশসমূহ বিবেচনা;

(৫) প্রবর্তিত নতুন প্রশাসন ব্যবস্থার কার্যক্রমসমূহ সময় সময় পুনরীক্ষণ করা এবং পল্লী উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জনে সরকারকে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান;

(৬) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি বিবেচনা করা;

(৭) সামগ্রিক প্রশাসনিক বিকেন্দ্রীকরণ প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অগ্রগতি সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত রাখা।

৩। প্রয়োজনবোধে এ কমিটি নূতন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারে।

৪। কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হবে।

৫। মন্ত্রিপরিষদ বিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৬। এতদসংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২০ নভেম্বর, ২০০১/৬ অগ্রহায়ণ, ১৪০৮ তারিখের মপবি/জেপ্র-৫/২(৪)/৯২(অংশ-১)-১৭৫ ও ২৭ নভেম্বর ২০০২/১৩ অগ্রহায়ণ ১৪০৯ তারিখের মপবি/নিকার/১(১০)/৯৬-২২৮ নম্বর প্রজ্ঞাপন সংশোধিত বলে গণ্য হবে।

৭। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ আগস্ট ২০০৪/২০ শ্রাবণ ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৫/২০০৪/১৫৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীনে গৃহীত প্রকল্পসমূহ নির্বাচিত/নিয়োজিত মূল পরামর্শকের প্রতিস্থাপক পরামর্শক নিয়োগের প্রস্তাব বিবেচনা ও অনুমোদনের জন্য নিম্নোক্তভাবে আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করেছে ঃ

**(ক) কমিটির নাম ঃ** পরামর্শক প্রতিস্থাপন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি।

**(খ) কমিটি গঠন ঃ**

| | |
|---|---|
| (১) প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী | সভাপতি |
| (২) সচিব, পরিকল্পনা বিভাগ | সদস্য |
| (৩) সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | সদস্য |
| (৬) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | সদস্য |
| (৭) বাস্তবায়নকারী অধিদপ্তরের প্রধান/প্রকল্প পরিচালক | সদস্য-সচিব |

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

কেবলমাত্র মূল পরামর্শকের মৃত্যু/দেশ ত্যাগ অথবা প্রকল্পের মাত্রাতিরিক্ত বিলম্বের কারণে এবং পরামর্শকের অপ্রাপ্যতা/অন্যত্র গমন ইত্যাদি ক্ষেত্রে মূল পরামর্শকের সমমানের প্রতিস্থাপক পরামর্শক নিয়োগের প্রস্তাব বিবেচনা ও অনুমোদন করা।

২। কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হবে।

৩। প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। এ কমিটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৯ আগস্ট ২০০৪/২৫ শ্রাবণ ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-৭/২০০২/১৬২**—গত ১৭ এপ্রিল ২০০২ তারিখে জনশক্তি রপ্তানী কার্যক্রমকে আরও গতিশীল, লাভজনক এবং বিদেশে কর্মরত ও গমনেচ্ছুক কর্মীদের হয়রানি রোধ ও কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে গঠিত কমিটির প্রস্তাবিত সুপারিশসমূহ নিবিড়ভাবে পরক্ষিা-নিরীক্ষা করে সুপারিশ প্রণয়ণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নোক্তভাবে কমিটি গঠন করেছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) সচিব, পররাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৩) সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৪) সচিব, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৬) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (৭) সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

এ কমিটি গত ১৭ এপ্রিল ২০০২ তারিখের জনশক্তি রপ্তানী কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে গঠিত কমিটির সুপারিশমালা নিবিড়ভাবে পর্যালোচনা করে "বাংলাদেশী নাগরিকদের বিদেশে নিয়োগ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি"র নিকট সুপারিশসহ প্রতিবেদন পেশ করবেন।

২। কমিটি আগামী ৩১ অক্টোবর ২০০৪ তারিখের সুপারিশ প্রদান করবে।

৩। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। এ কমিটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৯ আগস্ট ২০০৪/৪ ভাদ্র ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/কপগ-৮/৯৭/১৬৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ১৯৯৭ তারিখের মপবি/ শাঃপঃ/কপগ-৮/৯৭/৯৬ সংখ্যক প্রজ্ঞাপন মূলে পুর্নগঠিত 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলে' উপমন্ত্রি/প্রতিমন্ত্রি (যদি থাকে), খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়কে সদস্য হিসেবে অর্ন্তভুক্ত করেছে।

২। কাউন্সিলের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২১ আগস্ট ২০০৪/৬ ভাদ্র, ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/সক-৫/২০০৩/১৬৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ৫ অক্টোবর ২০০০ (২০ আশ্বিন ১৪০৭) তারিখের মপবি/প্রশাউ-৬(১)/৯২-৩৬০ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি'তে অনুবৃত্তিক্রমে সচিব, শিল্প মন্ত্রণালয় ও সচিব ,বানিজ্য মন্ত্রনালয়-কে সদস্য হিসেবে অর্ন্তভূক্ত করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আরফান আলী**

যুগ্ম-সচিব

ফোন ঃ ৭১৬৪৪৪১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২২ আগস্ট ২০০৪/৭ ভাদ্র, ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৬/২০০৪/১৭১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তার প্রকল্প শেষ হবার পূর্বে বদলীর বিষয় বিবেচনা করার নিমিত্তে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে।

**(ক) কমিটির নাম ঃ** প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তার প্রকল্প শেষ হবার পূর্বে বদলীর বিষয় বিবেচনা সংক্রান্ত উচ্চ পর্যায়ের কমিটি। এর সংক্ষিপ্ত নাম হবে প্রকল্প কর্মকর্তাদের বদলী সংক্রান্ত কমিটি।

**(খ) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) জনাব এম, শামসুল ইসলাম, মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | সভাপতি |
| (২) সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৩) সচিব, পরিকল্পনা বিভাগ | সদস্য |
| (৪) সচিব, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৫) সচিব, যোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| (৬) সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৭) সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | সদস্য |
| (৮) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | সদস্য |

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) পদোন্নতি/উচ্চতর পদায়ন এবং শাস্তিমূলক ব্যবস্থা/বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিষয় ব্যতীত ৩ (তিন) বছর মেয়াদ সমাপ্তির পূর্বে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রকল্পে নিয়োজিত প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণকে বদলী সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করে সুপারিশ প্রদান।

(২) প্রকল্প সমাপ্তির কারণে বদলীর ক্ষেত্রে কমিটির নিকট উপস্থাপনের প্রয়োজন হবে না।

(৩) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দশক্রমে জারীকৃত বদলী/নিয়োগ আদেশসমূহ কমিটির সুপারিশের আওতাবর্হিভূত থাকবে এবং তা সরাসরি কার্যকর হবে।

২। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। এ কমিটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আরফান আলী**

যুগ্ম-সচিব

কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ৮ সেপ্টেম্বর ২০০৪/২৪ ভাদ্র ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৫/২০০৪/১৭৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গত ৪ আগস্ট ২০০৪ তারিখে মপবি/ কঃবিঃশাঃ/ মসক-৫/২০০৪/১৫৯ নম্বর প্রজ্ঞাপনমূলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীনে গৃহীত প্রকল্পসমূহে নির্বাচিত/নিয়োজিত মূল পরামর্শকের প্রতিস্থাপক পরামর্শক নিয়োগের প্রস্তাব বিবেচনা ও অনুমোদনের জন্য প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীকে সভাপতি করে একটি আন্তঃ মন্ত্রণালয় কমিটি গঠন করে। গঠিত উক্ত কমিটির অনুবৃত্তিক্রমে পাবর্ত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীনে গৃহীত প্রকল্পসমূহে নির্বাচিত/নিয়োজিত মূল পরামর্শকের প্রতিস্থাপক পরামর্শক নিয়োগের প্রস্তাব বিবেচনা ও অনুমোদনের জন্য আন্তঃমন্ত্রণালয় কমিটির সভাপতি হিসেবে উপমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় দায়িত্ব পালন করবেন মর্মে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। ৪ আগস্ট ২০০৪ তারিখে গঠিত কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। এ কমিটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৮ সেপ্টেম্বর ২০০৪/৩ আশ্বিন ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৩/২০০৪/১৮০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নদ-নদী, খাল, প্লাবন-ভূমি ও জলাধার সংরক্ষণ, উন্নয়ন, পুনরুদ্ধার ও ভরাট নিয়ন্ত্রণ আইন, ২০০৪ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে ঃ

**(ক) কমিটির নাম ঃ** নদ-নদী, খাল, প্লাবন-ভূমি ও জলাধার সংরক্ষণ, উন্নয়ন, পুনরুদ্ধার ও ভরাট নিয়ন্ত্রণ আইন, ২০০৪ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রণয়নের জন্য মন্ত্রিসভা কমিটি।

**(খ) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় | সদস্য |
| (৩) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| (৪) মন্ত্রী, নৌ-পরিবহণ মন্ত্রণালয় | সদস্য |
| (৫) মন্ত্রী, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৬) মন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| (৭) প্রতিমন্ত্রী ভূমি মন্ত্রণালয় | সদস্য |

**(গ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(২) সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
(৩) সচিব পানি সম্পদ মন্ত্রণালয়
(৪) সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়
(৫) সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়
(৬) সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
(৭) সচিব, ভূমি মন্ত্রণালয়
(৮) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(গ) কমিটির কার্যপরিধি ঃ

(১) নদ-নদী, খাল, প্লাবন, ভূমি ও জলাধার সংরক্ষণ, উন্নয়ন, পুনরুদ্ধার ও ভরাট নিয়ন্ত্রণ আইন, ২০০৪ এর খসড়া পরীক্ষা-নিরীক্ষা পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রণয়ন করবে;

(২) কমিটি আগামী ৩ (তিন) মাসের অর্থাৎ ১৭ ডিসেম্বর ২০০৪ তারিখের মধ্যে এ কাজ সম্পন্ন করবে;

(৩) মন্ত্রিসভা, কমিটির সুপারিশের আলোকে পানিসম্পদ মন্ত্রণালয় প্রস্তাবিত আইনের খসড়া পুনরায় মন্ত্রিসভায় উপস্থাপন করবে।

২। পানি সম্পদ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৮ সেপ্টেম্বর ২০০৪/৩ আশ্বিন ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/সক-১১/২০০৩/১৮১**—বাংলাদেশে বিদেশী বিনিয়োগকারীদের শিল্প কারখানা/ব্যবসা প্রতিষ্ঠান/ব্রাঞ্চ অফিস/লিয়াজোঁ অফিস প্রতিষ্ঠানের অনুমতিসহ বিদেশী নাগরিকদের সকল প্রকার কর্মানুমতি প্রদানের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৯-১২-১৯৮৮ তারিখে ৪(৮)/৮৮/২৪৬ নং প্রজ্ঞাপনমূলে গঠিত স্থায়ী কমিটিটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ সেপ্টেম্বর ২০০৪/৫ আশ্বিন ১৪১১

**নং মপবি/কঃবিঃশাঃ/মসক-৫/২০০৪/১৮৪**—গত ৪ আগস্ট ২০০৪ তারিখে মপবি/কঃবিঃশাঃ/মসক-৫/২০০৪/১৫৯ নম্বর প্রজ্ঞাপনমূলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীনে গৃহীত প্রকল্পসমূহে নির্বাচিত/নিয়োজিত মূল পরামর্শকের প্রতিস্থাপক পরামর্শক নিয়োগের প্রস্তাব বিবেচনা ও অনুমোদনের জন্য প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীকে সভাপতি করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করে।

২। এক্ষনে যে সকল মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে মাননীয় প্রতিমন্ত্রীগণ নিয়োজিত আছেন সে সকল মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রীগণকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের জন্য উপর্যুক্ত কমিটির সভাপতি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দায়িত্ব অর্পন করেছে।

৩। বিদ্যুৎ, জ্বালানীও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এর মাননীয় প্রতিমন্ত্রীকে এবং বিদ্যুৎ বিভাগের মাননীয় প্রতিমন্ত্রীকে উপর্যুক্ত কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালনের ক্ষমতা অর্পণ করা হ'ল।

এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম, আবদুল আউয়াল মজুমদার**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।